DhakaProbe
সময়ের সাথে, সত্যের পথে

সত্যের সাথে, সত্যের পথে

সংবাদপত্র সংস্করণ (PDF) ▯ তৈরি: 15 Jul 2026, 11:42 AM

খেলা

# ইতিহাসে প্রথম , বিশ্বকাপে নতুন রেকর্ড গড়লেন মেসি

প্রতিবেদক: Dhaka Probe
প্রকাশের তারিখ: রোববার, ১২ জুলাই ২০২৬, ০৯:১৩ AM



বিশ্বকাপ ২০২৬-এ যেন একের পর এক রেকর্ড ভেঙে নতুন রেকর্ড গড়ে যাচ্ছেন লিওনেল মেসি। সুইজারল্যান্ডের বিপক্ষে ম্যাচেও গড়লেন আরও এক নতুন রেকর্ড।

আজ সুইজারল্যান্ডের বিপক্ষে কোয়ার্টার ফাইনালে খেলার মাত্র ১০ মিনিটের মাথায় গোলে সহায়তা করেন আর্জেন্টিনার এই অধিনায়ক। তাতেই গড়া হয়ে যায় রেকর্ডটা।

মেসির কর্নার কিক থেকে বল পান মিডফিল্ডার আলেক্সিস ম্যাক অ্যালিস্টার। রক্ষণের ওপরে লাফিয়ে উঠে হেডে সেই বল জালে জড়ান তিনি। এতেই স্কোরশিটে প্রথম গোলটি যোগ হয় আর্জেন্টিনার।

এই অ্যাসিস্ট দিয়ে বিশ্বকাপের ইতিহাসে নিজের ১০ম গোলে সহায়তার রেকর্ড গড়লেন মেসি। বিশ্বকাপের ইতিহাসে এটাই এখন সর্বোচ্চ

সংখ্যক অ্যাসিস্টের নতুন রেকর্ড। প্রথম খেলোয়াড় হিসেবে ১০ অ্যাসিস্টের অনন্য কীর্তিটি গড়লেন মেসি।

এছাড়া সুইজারল্যান্ডের বিপক্ষে এই ম্যাচটিতে মাঠে নেমেই একটা রেকর্ড গড়েছেন ৩৯ বছর বয়সী মেসি। এটি তার ক্যারিয়ারের চতুর্থ বিশ্বকাপ কোয়ার্টার ফাইনাল। এই অর্জনের মধ্য দিয়ে তিনি এখন জার্মান ফুটবল কিংবদন্তি লোথার ম্যাথিউস, মিরোস্লাভ ক্লোসা এবং উয়ে সিলারের পাশে নিজের নাম বসিয়েছেন।

---

## এ বিভাগের আরও খবর



**ফ্রান্সকে হারিয়ে ১৬ বছর পর ফাইনালে স্পেন**

এই ফ্রান্সকে কে থামাবে? গোটা বিশ্বকাপ জুড়ে এই ছিল সবচেয়ে বড় প্রশ্ন। যে দলটা নামলেই নিদেনপক্ষে দুটো গোল করেই দিচ্ছে, সেই দলটাকে হারাবে কে...



**ফ্রান্স-স্পেন সেমিফাইনাল, পরিসংখ্যানে এগিয়ে কারা?**

২০২৬ ফিফা বিশ্বকাপের দ্বিতীয় সেমিফাইনালে বাংলাদেশ সময় আজ (মঙ্গলবার) দিবাগত রাত ১টায় মুখোমুখি হচ্ছে ইউরোপের দুই শক্তিধর দল ফ্রান্স ও স্পেন। ট...




**জাঁকজমকপূর্ণ আয়োজনে মিশরীয় খেলোয়াড়দের বরণ**

২০২৬ ফিফা বিশ্বকাপে নজরকাড়া পারফরম্যান্সের পর এখনও উৎসবের আবহে রয়েছে মিশর। যুক্তরাষ্ট্র, মেক্সিকো ও কানাডায় অনুষ্ঠিত আসরে প্রথমবারের মতো নকআ...



**সুপার কম্পিউটারের হিসাবে আর্জেন্টিনার চ্যাম্পিয়ন হওয়ার সম্ভাবনা কেমন**

বিশ্বকাপের ট্রফি কার হাতে উঠবে তা দেখার অপেক্ষা আর দুই ম্যাচের। ৪৮ দলের মধ্যে এখন টিকে রয়েছে ৪ দল। সেই চার দল হচ্ছেফ্রান্স, স্পেন, ইংল্যান্...

---

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: https://www.dhakaprobe.com/sports/itihase-prthm-bishbkape-ntun-rekrd-grlen-mesi